ইং ৩১.১২.২০১২ তারিখে অনুষ্ঠিত ২৬২ তম

~~ফাইন্যান্স কমিটি~~ / শিক্ষা পরিষদ / ~~সিন্ডিকেট~~ সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ

//

প্রস্তাব নং-১৩

২৭-৬-২০১২ তারিখে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পুরস্কার (স্বর্ণপদক, বৃত্তি, এককালীন অনুদান) প্রদান সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণীর ৭ থেকে ১৭, ১৯ ও ২০ নং সিদ্ধান্ত সমূহ বিবেচনা।

(পরিশিষ্ট-১৩ প্রচারিত)

সিদ্ধান্ত নং-১৩

২৭-৬-২০১২ তারিখে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পুরস্কার (স্বর্ণপদক, বৃত্তি, এককালীন অনুদান) প্রদান সংক্রান্ত স্থায়ী কমিটি সভার কার্যবিবরণীর ৭ থেকে ১৭, ১৯ ও ২০ নং সিদ্ধান্ত সমূহ বিবেচিত হলো এবং অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

//

Approved under Res. No. 2
of the 446th meeting of the
Syndicate held on 4.1.2013

৭.১.২০১৬

রেজিস্ট্রার/এর পক্ষে
রাজশাহী বিশ্ববিদ্যালয়

 **পরিশিষ্ট – ১৩**

২৭/০৬/২০১২ তারিখে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পুরস্কার (স্বর্ণপদক, বৃত্তি, এককালীন অনুদান) প্রদান সংক্রান্ত কমিটির ৩৮ তম সভার কার্যবিবরণীর উদ্ধৃতাংশ ।
(৭–১৭, ১৯ ও ২০)

প্রস্তাব – ৭ ঃ ২০১০ সালের সম্মান পরীক্ষা থেকে সকল বিষয়ের ফলাফল সিজিপিএ -তে প্রকাশ হবে । সিজিপিএ একটি মার্কের রেঞ্জ অনুসারে হয় ফলে প্রথম স্থান নির্ধারণ করার বিষয়ে সিদ্ধান্ত
সিজিপিএ ৩.০ = ৬০ - ৭০ ( বিধি বই ভ-১,পৃ. ১১১ )

সিদ্ধান্ত- ৭ ঃ সিজিপিএ ন্যূনতম ৩.৫০ পেলে পুরস্কারের জন্য বিবেচিত হবে । সিজিপিএ সমান হলে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম স্থান নির্ধারণ করা হবে ।

প্রস্তাব – ৮ ড. আসাদুজ্জামান স্মৃতি পুরস্কার প্রদানের জন্য শর্ত স্নাতকোত্তর পরীক্ষায় বাংলা বিষয়ে প্রথম শ্রেণীতে প্রথম বা প্রথম শ্রেণী না থাকলে উচ্চতর দ্বিতীয় শ্রেণীতে প্রথম স্থান অধিকারী । বর্তমানে ফলাফল উচ্চতর দ্বিতীয় শ্রেণীতে প্রকাশ হচ্ছে না । বৃত্তির পরিমান এককালীন ৫০০/- । এ ক্ষেত্রে সিজিপিএ নির্ধারণ ও বৃত্তিটি বিভাগের মাধ্যমে প্রদান করা যায় কিনা সে বিষয়ে সিদ্ধান্ত।

সিদ্ধান্ত- ঃ ৮ বৃত্তি প্রাপ্তি যোগ্যতা পরিবর্তন করে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ করা হলো এবং বিভাগের মাধ্যমে বৃত্তি প্রদানের জন্য সুপারিশ করা হল ।

প্রস্তাব –৯ ঃ চিশতী বৃত্তি প্রদানের যোগ্যতা-
এইচ.এস.সি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হতে হবে জিপিএ কত হবে নির্ধারণ

সিদ্ধান্ত- ঃ ৯ এইচ এস সি পরীক্ষায় জিপিএ গোল্ডেন ৫.০০ করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো ।

প্রস্তাব –১০ ঃ উম্মে সালমা চিশতী বৃত্তি প্রদানের ক্ষেত্রে মেধাবী অথচ দরিদ্র এবং এইচ.এস.সি পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে । সিজিপিএ নির্ধারণ

সিদ্ধান্ত- ১০ ঃ এইচ এস সি পরীক্ষায় জিপিএ ৫.০০ করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো ।

প্রস্তাব –১১ ঃ প্রফেসর এম.আর. সরকার বৃত্তি প্রদানের শর্ত -
ফলিত পদার্থ বিজ্ঞান এবং পদার্থ বিজ্ঞান বিভাগের মধ্যে ১জন পেয়ে থাকে ।
বর্তমানে ফলিত পদার্থ বিজ্ঞান ও পদার্থ বিজ্ঞান বিভাগ দুটি আলাদা অনুষদভুক্ত ।
অনুষদ পরিবর্তন বিষয়ক শর্ত সংযোজন সিদ্ধান্ত

সিদ্ধান্ত- ১১ ঃ উভয় বিভাগের মধ্যে সর্বোচ্চ নম্বর / সিজিপিএ এর ভিত্তিতে ১ম নির্ধারিত হবে ।

প্রস্তাব – ১২ ঃ মোসাম্মত সাজেদা বেগম উপবৃত্তি এককালীন, আরবী সম্মান পরীক্ষায় পাশ এবং স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত দুইজন ছাত্র/ছাত্রী (বৃত্তির পরিমাণ এককালীন ৬০০.০০ টাকা (প্রতিটি)
বৃত্তিটি বিভাগের মাধ্যমে প্রদান করা যায় কিনা সে বিষয়ে সিদ্ধান্ত

সিদ্ধান্ত- ঃ ১২ বিভাগের মাধ্যমে বৃত্তি প্রদানের জন্য সুপারিশ করা হল ।

প্রস্তাব – ১৩ঃ যতীন্দ্র মোহন রায় গণমঙ্গল মেমোরিয়াল পুরস্কার প্রদানের শর্ত ছিল বি.এ ও বিএসসি পাশ পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত
এবং
সুরেশ চন্দ্র দাস গুপ্ত মেমোরিয়াল পুরস্কার প্রদানের শর্ত স্নাতকোত্তর শেষবর্ষে অধ্যয়নরত সর্বোচ্চ নম্বর প্রাপ্ত
টাকার পরিমাণ ৩৫০০/- + ২০০০/- বর্তমানে আসল+সুদসহ টাকার পরিমান - ১০,০৪০/-
প্রচলিত থাকবে কিনা সিদ্ধান্ত গ্রহণ

সিদ্ধান্ত- ঃ ১৩ বি.এ সম্মান পরীক্ষার ফলের উপর ১ জন ছাত্রছাত্রীকে যতীন্দ্র মোহন রায় গণমঙ্গল মেমোরিয়াল পুরস্কার এবং বি এস সি সম্মান পরীক্ষার ফলের উপর ১জন ছাত্রছাত্রীকে সুরেশ চন্দ্র দাস গুপ্ত মেমোরিয়াল পুরস্কার প্রত্যেককে ৫,০২০/- টাকা করে বৃত্তি প্রদান করার জন্য সুপারিশ করা হল । বর্তমান তহবিল নিঃশেষ করে পুরস্কারটি বন্ধ করার সিদ্ধান্ত গৃহিত হলো ।

প্রস্তাব - ১৪ ঃ উর্মী ইসলাম বৃত্তির দাতা প্রফেসর মযহারুল ইসলাম মৃত্যু বরণ করায় তাঁর পেনসন বন্ধ হয়ে যাওয়ায় বৃত্তিটি প্রদান সম্ভব হচ্ছে না এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ।

সিদ্ধান্ত- ১৪ ঃ উর্মী ইসলাম বৃত্তির দাতা প্রফেসর মযহারুল ইসলাম মৃত্যু বরণ করায় তাঁর পেনসন বন্ধ হয়ে গেছে ফলে বৃত্তিটি বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হল ।

প্রস্তাব - ১৫ঃ মিসেস রেহেনা মাহাতাব স্কলারশীপ প্রদানের জন্য দাতা তিন বছর বৃত্তি বাবদ ৭২,০০০/০০ টাকা দিয়েছিলেন তিনি আর যোগাযোগ করেননি এবং টাকা পাঠাননি । ফলে বৃত্তিটি প্রদান সম্ভব হচ্ছে না এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ

সিদ্ধান্ত- ঃ ১৫ ঃ দাতা বৃত্তির টাকা না পাঠানোর ফলে বৃত্তিটি বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হল ।

প্রস্তাব - ১৬ ঃ সভাপতি, পদার্থবিজ্ঞান বিভাগ, রাবি-এর পত্র বিবেচনা -
উক্ত পত্রে তিনি জানিয়েছেন যে, আমেরিকার ওহিও বিশ্ববিদ্যালয়ের ড. সুলতানা এন. নাহার কর্তৃক প্রদত্ত S.N.NAHAR PHYSICS TRUST FUND, R.U. গঠন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

সিদ্ধান্ত- ১৬ ঃ দাতার প্রস্তাব গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং বিভাগের মাধ্যমে স্কলারশীপ প্রদানের জন্য সুপারিশ করা হল ।

প্রস্তাব - ১৭ঃ প্রফেসর এ বি এম হোসেন এর পত্র বিবেচনা -
উক্ত পত্রে তিনি জানিয়েছেন যে, তাঁর পুত্র 'এ বি এম হোসেন-শাহানারা হোসেন ফাউন্ডেশন' শিরোনামে একটি ফাউন্ডেশন খুলতে আগ্রহী । এ সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । নীতিমালা সংযুক্ত ।

সিদ্ধান্ত- ১৭ঃ দাতার প্রস্তাব গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হলো ।

প্রস্তাব - ১৯ প্রফেসর মো. আব্দুস সাত্তার এর পত্র বিবেচনা -
'মিরাজ আলী-আব্দুস সাত্তার বৃত্তি' ও 'হুরজান নেসা-লাইলুন নাহার বৃত্তি' চালু সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । নীতিমালা ।

মিরাজ আলী-আব্দুস সাত্তার বৃত্তি

| | | | |
|---|---|---|---|
| ১ | বৃত্তির শিরোনাম | ঃ | 'মিরাজ আলী-আব্দুস সাত্তার বৃত্তি' |
| ২ | প্রদানকৃত অর্থ | ঃ | ১,০০,০০০/- |
| ৩ | তহবিলের ধরন | ঃ | সংরক্ষিত |
| ৪ | বৃত্তির সময় | ঃ | প্রতি শিক্ষা বছর |
| ৫ | বৃত্তির সংখ্যা ও বাৎসরিক প্রাপ্ত অর্থ | ঃ | উক্ত সংরক্ষিত তহবিলের প্রাপ্ত বার্ষিক মুনাফা বৃত্তি হিসাবে এক জন ছাত্রকে প্রদান করতে হবে । |
| ৬ | বৃত্তি প্রাপ্তদের যোগ্যতা | ঃ | (ক) সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সাতক্ষীরা জেলায় অবস্থিত অনুমোদিত কোন উচ্চ বিদ্যালয় থেকে এস.এস.সি পাশ করতে হবে । এস.এস.সি এবং এইচ.এস.সি উভয় পরীক্ষায় পৃথকভাবে কমপক্ষে জিপিএ চার থাকতে হবে ।<br>(খ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রকৌশল, জীব ও ভূ-বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, আইন এবং বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত যে কোন বিভাগ থেকে কমপক্ষে জিপিএ তিনসহ স্নাতক (সম্মান) পাশ করে নিয়মিত ছাত্র হিসাবে স্নাতকোত্তর প্রোগ্রামে অধ্যয়নরত ছাত্ররা আবেদন করতে পারবেন ।<br>আবেদনকারী ছাত্রদের মধ্যে স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ নম্বর/ সিজিপিএ প্রাপ্ত একজন ছাত্র 'মিরাজ আলী-আব্দুস সাত্তার বৃত্তি' পাবেন । |

অপৃ:দ্র.

'হুরজান নেসা-লাইলুন নাহার বৃত্তি

| | | | |
|---|---|---|---|
| ১ | বৃত্তির শিরোনাম | ঃ | 'হুরজান নেসা-লাইলুন নাহার বৃত্তি' |
| ২ | প্রদানকৃত অর্থ | ঃ | ১,০০,০০০/- |
| ৩ | তহবিলের ধরন | ঃ | সংরক্ষিত |
| ৪ | বৃত্তির সময় | ঃ | প্রতি শিক্ষা বছর |
| ৫ | বৃত্তির সংখ্যা ও বাৎসরিক প্রাপ্ত অর্থ | ঃ | উক্ত সংরক্ষিত তহবিলের প্রাপ্ত বার্ষিক মুনাফা বৃত্তি হিসাবে এক জন ছাত্রীকে প্রদান করতে হবে । |
| ৬ | বৃত্তি প্রাপ্তদের যোগ্যতা | ঃ | (ক) সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সাতক্ষীরা জেলায় অবস্থিত অনুমোদিত কোন উচ্চ বিদ্যালয় থেকে এস.এস.সি পাশ করতে হবে । এস.এস.সি এবং এইচ.এস.সি উভয় পরীক্ষায় পৃথকভাবে কমপক্ষে জিপিএ চার থাকতে হবে । (খ) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রকৌশল, জীব ও ভূ বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, আইন এবং বিজনেস স্টাডিজ অনুষদভূক্ত যে কোন বিভাগ থেকে কমপক্ষে সিজিপিএ তিনসহ স্নাতক (সম্মান) পাশ করে নিয়মিত ছাত্রী হিসাবে স্নাতকোত্তর প্রোগ্রামে অধ্যয়নরত ছাত্রীরা আবেদন করতে পারবেন । আবেদনকারী ছাত্রীদের মধ্যে স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ নম্বর/জিপিএ প্রাপ্ত একজন ছাত্রী 'হুরজান নেসা-লাইলুন নাহার বৃত্তি' পাবেন । |

সিদ্ধান্ত- ১৯ ঃ দাতার প্রস্তাব গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হলো ।

প্রস্তাব - ২০ঃ প্রফেসর মো. শামসুদ্দিন (অবসর প্রাপ্ত) দর্শন বিভাগ-এর পত্র বিবেচনা।
উক্ত পত্রে তিনি জানিয়েছেন যে, তাঁর পরলোকগত স্ত্রী বেগম শামসুন নাহার রেনুর নামে দর্শন বিভাগ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে "রেনু স্মৃতি ট্রাস্ট" চালু করতে আগ্রহী ।

সিদ্ধান্ত- ২০ ঃ দাতার প্রস্তাব গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং বিভাগের মাধ্যমে বৃত্তি প্রদানের জন্য সুপারিশ করা হল ।

স্বাঃ/- ৯/৭/১২
হিসাব পরিচালক
ও
সদস্য সচিব
বিশ্ববিদ্যালয় বিভিন্ন পুরস্কার
(স্বর্ণপদক/বৃত্তি/উপবৃত্তি/অনুদান)
প্রদান সংক্রান্ত স্থায়ী কমিটি
রাজশাহী বিশ্ববিদ্যালয়

স্বাঃ/-৪/৮/১২
উপাচার্য
ও
সভাপতি
বিশ্ববিদ্যালয় বিভিন্ন পুরস্কার
(স্বর্ণপদক/বৃত্তি/উপবৃত্তি/অনুদান)
প্রদান সংক্রান্ত স্থায়ী কমিটি
রাজশাহী বিশ্ববিদ্যালয় ।